দৈনিক বাংলা

১৪৩

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা … ১ … কলাম … ১ …

# ঢাকা ভার্সিটিতে আবার উত্তেজনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবদমান দুটি ছাত্র সংগঠনের মধ্যে আবার উত্তেজনা সৃষ্টি হয়েছে। রোববার কলাভবনে একজন ছাত্রলীগ (শা–অ) কর্মী প্রহৃত হওয়ার পর সংগঠনের সশস্ত্র কর্মীরা মহড়া দিতে শুরু করলে ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

ছাত্রলীগ (শা–অ) কর্মী তুহিন সকাল সাড়ে এগারটায় কলাভবনের প্রধান ফটকে

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

বিপক্ষ সংগঠনের কর্মীদের প্রহৃত হয়। হাতে তুহিন লাঞ্ছিত হওয়ার পর ছাত্রলীগ (শা–অ) কর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং ১৫/২০ জন সশস্ত্র তরুণ টিএসসি এলাকায় এসে মহড়া দেয়। এসময় সড়ক দ্বীপের ঢাকা ইউনিভার্সিটি স্ন্যাকস তড়িঘড়ি বন্ধ করে দেয়া হয়। তরুণরা জগন্নাথ হলের দিকে চলে যাওয়ার পর দু রাউন্ড গুলিবর্ষণের শব্দ শোনা যায়।

এ ঘটনার পর দুটি ছাত্র সংগঠনই নিজ নিজ হলে সশস্ত্র কর্মীদের সতর্ক অবস্থায় রেখেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানান।